# কাঁকনহাট পৌরসভা

রাজশাহী

স্থাপিত-২০০২ খ্রি.

www.kakonhatpourashava.com

Email:kakonhatpourashava555@gmail.com

স্মারক নং-৪৬.০০.৮১৫৫.০০০.১৮.০০৭.১৫-২২৮ তারিখঃ- ১৩/০৪/২০২৫ খ্রি.

## জরুরী বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রাজশাহী জেলার কাঁকনহাট পৌরসভার নিয়ন্ত্রণাধীন কাঁকনহাট হাট-বাজার প্রকাশ্যে ডাকের মাধ্যমে ১৪৩২ বাংলা সনের ০৩ বৈশাখ (১৬ এপ্রিল ২০২৫ খ্রি.) রোজ বুধবার থেকে ০২ জ্যৈষ্ঠ (১৬/০৫/২০২৫খ্রি.) রোজ শুক্রবার পর্যন্ত ৩১ দিনের জন্য খন্ডকালীন ইজারা বন্দোবস্ত দেওয়া হবে। আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান/প্রকৃত হাট-বাজার ব্যবসায়ীগণকে খন্ডকালীন ইজারা ডাকে অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। আগামী ১৬/০৪/২০২৫ খ্রি. তারিখ বেলা ১১:৩০ ঘটিকায় পৌরসভা কার্যালয়ে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে প্রকাশ্য ডাকের মাধ্যমে খন্ডকালীন ইজারা প্রদান করা হবে।

শর্তাবলিঃ-

১. প্রকাশ্য ডাকে অংশগ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠানকে জামানত হিসেবে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা প্রশাসক, কাঁকনহাট পৌরসভার অনুকূলে আগামী ১৬/০৪/২০২৫ খ্রি. তারিখ সকাল ১১:০০ ঘটিকার মধ্যে পে-অর্ডার/ব্যংক ড্রাফট আকারে জমা প্রদান করতে হবে। নগদ অর্থ অথবা চেক জামানত হিসেবে গ্রহনযোগ্য হবে না। কেবলমাত্র জামানত প্রদানকারী ব্যক্তি/প্রতিষ্ঠান প্রকাশ্য ইজারা ডাকে অংশগ্রহণ করতে পারবেন।

২. অনুমোদিত ডাককারীকে ডাকের সমুদয় অর্থ ও ডাক মূল্যের উপর অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর ১৬/০৪/২০২৫ খ্রি. তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে পে-অর্ডার/ব্যংক ড্রাফট আকারে পৌরসভায় জমা দিয়ে রশিদ গ্রহণ করতে হবে। জামানত বাবদ জমাকৃত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা ডাকের সাথে সমন্বয় করা হবে। ভ্যাট ও আয়কর সরকারি কোষাগারে জমা প্রদান করে ডাককারীকে চালানের কপি সরবরাহ করা হবে।

৩. সরকার অনুমোদিত হারে টোল আদায় করতে হবে।

৪. হাট-বাজার নিজ দায়িত্বে পরিষ্কার রাখতে হবে।

৫. হাট-বাজার ইজারা নীতিমালা-২০১১ অনুযায়ী ১৪৩২ বাংলা সালের অবশিষ্ট সময়ের জন্য কাঁকনহাট হাট-বাজার পুনঃইজারা বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে। ইজারা অনুমোদিত হলে খন্ডকালীন ইজারা বাতিল বলে গণ্য হবে। হারাহারি সুত্রে জমাকৃত অর্থ জমাকারীকে ফেরৎ দেওয়া হবে।

৬. ইজারা কার্যক্রমে কোনরূপ অনিয়ম পরিলক্ষিত হলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই খন্ডকালীন ইজারা কার্যক্রম বাতিল করতে পারবেন।

৭. যৌক্তিক মূল্য না পেলে কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে সর্বোচ্চ ডাক বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৩.০৪.২০২৫

(মো. শামসুল ইসলাম)
প্রশাসক
কাঁকনহাট পৌরসভা, রাজশাহী।

স্মারক নং-৪৬.০০.৮১৫৫.০০০.১৮.০০৭.১৫-২২৮-(১১) তারিখঃ- ১৩/০৪/২০২৫ খ্রি.

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে প্রেরিত হলো।

১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
৩। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, বিভাগীয় কমিশনারের কার্যালয়, রাজশাহী।
৪। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৫। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, রাজশাহী।
৬। উপজেলা নির্বাহী কর্মকর্তা, গোদাগাড়ী, রাজশাহী।

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরিত হলো।

১। সদস্য (সকল), কাঁকনহাট হাট-বাজার খাস আদায় কমিটি, কাঁকনহাট পৌরসভা, রাজশাহী।
২। সদস্য (সকল), কাঁকনহাট পৌরসভা, রাজশাহী।
৪। বিভাগ/ শাখা প্রধান (সকল), কাঁকনহাট পৌরসভা, রাজশাহী।
৫। প্রধান সহকারী, কাঁকনহাট পৌরসভা (তাকে বিজ্ঞপ্তিটি ১৫/০৪/২০২৫ খ্রি. তারিখ দিন ব্যাপি মাইক যোগে প্রচার করতে বলা হলো)।
৬। অফিস কপি/নোটিশ বোর্ড।

১৩.০৪.২০২৫

(মো. শামসুল ইসলাম)
প্রশাসক

CamScanner